# যায়যায়দিন

তারিখ SEP. 21 200[illegible]
পৃষ্ঠা ২ কলাম ৪


### লালমাটিয়া মহিলা কলেজে শনিবার থেকে ক্লাস বর্জন

## শিক্ষকদের বিরোধিতার মুখে এমপি৷ পছন্দের লোককে প্রিন্সিপাল নিয়োগ


যাযাদি রিপোর্ট


লালমাটিয়া মহিলা কলেজের নতুন প্রিন্সিপাল হিসেবে নিয়োগ পেয়েছেন স্থানীয় এমপির আশীর্বাদপুষ্ট অবসরপ্রাপ্ত কর্নেল মোশারফ হোসেন। কলেজের শিক্ষকদের বিরোধিতার মুখে গতকাল বুধবার তাকে এ নিয়োগ দেয়া হয়। নতুন প্রিন্সিপালের নিয়োগের প্রতিবাদে শিক্ষকরা নানা কর্মসূচি হাতে নিয়েছেন। আজ সকালে কলেজ ক্যাম্পাসে অবস্থান করে প্রিন্সিপালকে কলেজে প্রতিহত করার ঘোষণা দিয়েছেন তারা। এছাড়া শিক্ষকরা শনিবার থেকে অনির্দিষ্টকালের জন্য ক্লাস বর্জনের কর্মসূচি দিয়েছেন। জানা যায়, কোনো ডিগ্রি কলেজে তার শিক্ষকতার অভিজ্ঞতা না থাকায় কলেজের বেশির ভাগ শিক্ষক নিয়োগের বিরোধিতা করলে এমপির ক্যাডাররা তাদের ভয়ভীতি দেখায়। তারা দাবি করেছেন, জাতীয় বিশ্ববিদ্যালয়ের নিয়ম অনুযায়ী কর্নেল (অব.) মোশারফের ১২ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা নেই।

গতকাল বিকালে এ মিটিং শুরু হলে কলেজের অর্ধ শতাধিক শিক্ষক সেখা গিয়ে গভর্নিং বডির চেয়ারম্যানের কা তাদের দাবি তুলে ধরেন। তারা বর্তম ভারপ্রাপ্ত অধ্যক্ষ ড. মাহবুবা সিদ্দিকী অধ্যক্ষ করার দাবি জানান। কিন্তু তাদে দাবিকে উপেক্ষা করে এমপির পছন্দে লোককেই প্রিন্সিপাল হিসেবে নিয়ে দেয়া হয়। গভর্নিং বডির মিটিং চলাকা ক্যাম্পাসে পুলিশ প্রহরা ও এমপির দলী ক্যাডাররা মহড়া দিয়েছিল বলে শিক্ষক জানান।

কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ যায়যায়দিনে বলেন, মিটিং চলাকালে এমপি খন্দক মাহাবুব উদ্দিন আহমাদ তাকে নত নিয়োগের বিরুদ্ধে শিক্ষকদের বিদ্রোহে জন্য উসকে দেয়ার অভিযোগ করেন নিয়ম বহির্ভূতভাবেই তাকে নিয়োগ দে হয়েছে বলে ড. মাহাবুবা সিদ্দি অভিযোগ করেন।

উল্লেখ্য, গত ১ সেপ্টেম্বর কলেজে অধ্যক্ষ নিয়োগের বিষয়ে গভর্নিং বডি মিটিং শিক্ষিকাদের প্রতিবাদের মুে কোনো সিদ্ধান্ত ছাড়াই শেষ হয়েছিল।